

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড  
আগারগাঁও, শেরেবাংলা নগর  
ঢাকা-১২০৭।

প্রতিষ্ঠান কোড-১২১২১

স্মারকনং বাকাশিবো/ক/জাদবে/২০১৬/১৮২

তারিখঃ ০৬-০৬-২০১৬ খ্রিঃ

প্রাপকঃ

পরিচালক/অধ্যক্ষ

ইকো ইন্সটিটিউট অফ টেকনোলজি (ইআইটি), গ্রাম- কলেজপাড়া,

পোস্ট- ঠাকুরগাঁও, থানা- ঠাকুরগাঁও সদর, জেলা- ঠাকুরগাঁও।

বিষয়ঃ জাতীয় দক্ষতামান বেসিক(৩৬০ ঘন্টা) শিক্ষাক্রমের প্রাথমিক পাঠদানের অনুমতি প্রদান।

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের মাননীয় চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে আপনার প্রতিষ্ঠানে জাতীয় দক্ষতামান বেসিক (৩৬০ ঘন্টা) শিক্ষাক্রম পরিচালনার জন্য ছকে বর্ণিত আসন সংখ্যা অনুযায়ী নিম্নোক্ত শর্তাবলি আরোপপূর্বক সাময়িকভাবে এক বছরের জন্য জুলাই ২০১৬ থেকে প্রাথমিক পাঠদানের অনুমতি প্রদান করা হলো। এক বছর সময়কালে আপনার প্রতিষ্ঠানের শিক্ষা বিষয়ক কার্যক্রম ও অবকাঠামোগত সুবিধাদি সন্তোষজনক পরিদর্শন পূর্বক সন্তোষজনক রিপোর্ট প্রাপ্তি সাপেক্ষে প্রাথমিক পাঠদানের অনুমতি বর্ধিত করা যেতে পারে।

ক্রমিক নং	ট্রেড কোড	শিক্ষাক্রম	মেয়াদ	আসন সংখ্যা
১.	৭৬	কম্পিউটার অফিস অ্যাপ্লিকেশন	৩/৬ মাস(৩৬০ ঘন্টা)	৩০
২.	৭৭	হার্ডওয়্যার এন্ড নেটওয়ার্কিং	৩/৬ মাস(৩৬০ ঘন্টা)	৩০
৩.	৩৩	জেনারেল ইলেকট্রিশিয়ান	৩/৬ মাস(৩৬০ ঘন্টা)	৩০
৪.	২৯	ড্রেস মেকিং এন্ড টেইলারিং	৩/৬ মাস(৩৬০ ঘন্টা)	৩০
৫.	৮১	গ্রাফিক্স ডিজাইন এন্ড মাল্টিমিডিয়া	৩/৬ মাস(৩৬০ ঘন্টা)	৩০

শর্তাবলিঃ

১. বোর্ডের বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের স্বীকৃতি প্রদান ও নবায়ন এবং শিক্ষক ও কর্মচারি চাকুরির প্রবিধানমালা (এসআরও-৫২, ৫৪ আইন/১৯৯৬) অনুসরণ করতে হবে।
২. বোর্ডের বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কমিটি প্রবিধানমালা (এসআরও নং-২৬৭-আইন/২০০৯) অনুসরণ করতে হবে।
৩. পাঠ্যসূচি বাস্তবায়নের জন্য শ্রেণিকক্ষ, আসবাবপত্র, প্রয়োজনীয় যন্ত্রপাতি এবং অন্যান্য সুযোগ সুবিধা সর্বদা সচল ও বহাল রাখতে হবে।
৪. কোর্স সংশ্লিষ্ট শিক্ষাক্রম বাস্তবায়ন প্রবিধান ও পাঠ্যসূচি অনুযায়ী তাত্ত্বিক ও ব্যবহারিক ক্লাস অনুষ্ঠান করত শিক্ষার মান উন্নয়নের ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং শিক্ষার্থীদের লেখাপড়ার মান উন্নয়নের জন্য গ্রন্থাগার শিক্ষাক্রম সংশ্লিষ্ট পর্যাপ্ত পুস্তকাদির ব্যবস্থা করত গ্রন্থাগার ব্যবহারের সুযোগ সৃষ্টি করতে হবে।
৫. প্রাথমিক পাঠদানের অনুমতি প্রাপ্তির পর পরপর তিন ব্যাচ শিক্ষার্থী ভর্তি না হলে প্রাথমিক পাঠদানের অনুমতি বাতিল বলে গণ্য হবে।
৬. বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অনুমতি ছাড়া এই প্রতিষ্ঠানের অন্য কোথাও কোনো শাখা (ব্রাঞ্চ) খুলতে পারবেন না।
৭. বোর্ড প্রণীত শিক্ষাবর্ষপঞ্জি অনুসরণ করতে হবে। ক্লাস শুরু ১৫ (পনেরো) দিনের মধ্যে ক্লাস বুটিন বোর্ডে প্রেরণ করতে হবে।
৮. পরবর্তীতে অন্তত একটি চূড়ান্ত পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার পর চূড়ান্ত স্বীকৃতির জন্য আবেদন করলে পরীক্ষার ফলাফল, ভৌত ও অন্যান্য সুযোগ-সুবিধা পর্যালোচনা করে সন্তোষজনক বিবেচিত হলে চূড়ান্ত স্বীকৃতি দেওয়া হবে। উল্লেখ্য যে, চূড়ান্ত স্বীকৃতি পেতে হলে প্রতিষ্ঠান হতে আসন সংখ্যার ৭৫% শিক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করে ৫০% উত্তীর্ণ হতে হবে।
৯. প্রতিষ্ঠানের নামে যে সমস্ত তথ্য সম্বলিত কাগজপত্র ইতোমধ্যে বোর্ডে জমা দেওয়া হয়েছে পরবর্তীতে তা জুয়া প্রমাণিত হলে এবং যেকোনো প্রকার অনিয়ম, অব্যবস্থাপনা ও প্রতারণার আশ্রয় নিলে এবং উল্লিখিত যেকোনো শর্ত/শর্তসমূহ পূরণে ব্যর্থ হলে এস,আর,ও নং-৫২-আইন/৯৬ এর প্রবিধান ১০ অনুসারে পাঠদান/প্রতিষ্ঠানের স্বীকৃতি বাতিলসহ অন্যান্য ব্যবস্থা গ্রহণ করা হবে।
১০. বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের ওয়েবসাইট [www.bteb.gov.bd](http://www.bteb.gov.bd)

উল্লিখিত শর্ত/শর্তসমূহ পূরণে ব্যর্থ হলে বিধি অনুসারে সাময়িকভাবে প্রাথমিক পাঠদানের অনুমতি/অ্যাক্রিডেশন বাতিলসহ অন্যান্য ব্যবস্থা গ্রহণ করা হবে।

(মোঃ আক্তারউজ্জামান)

পরিচালক (কারিকুলাম)

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

ঢাকা-১২০৭।

তারিখঃ ০৬-০৬-২০১৬ খ্রিঃ

স্মারকনং বাকাশিবো/ক/জাদবে/২০১৬/১৮২(৭)

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো।

১. জেলা প্রশাসক, ঠাকুরগাঁও।
২. সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৩. পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (উল্লিখিত শিক্ষা প্রতিষ্ঠানের পরীক্ষা সংক্রান্ত যাবতীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
৪. উপ সচিব (প্রশাসন), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। (২০১৬-২০১৭ অর্থ বছর হতে উল্লিখিত শিক্ষা প্রতিষ্ঠানের নিকট হতে সংশ্লিষ্ট শিক্ষাক্রমের অ্যাক্রিডেশন ফি আদায় করার ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
৫. উপ-সচিব, (রেজিস্ট্রেশন) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। (জুলাই ২০১৬ হতে উল্লিখিত শিক্ষা প্রতিষ্ঠানের নিকট হতে সংশ্লিষ্ট শিক্ষাক্রমের ছাত্র/ছাত্রীদের রেজিস্ট্রেশন প্রদানের জন্য অনুরোধ করা হলো)।
৬. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (উল্লিখিত শিক্ষা প্রতিষ্ঠানটির কোর্স নম্বর প্রদানসহ কম্পিউটারে ডাটা সংরক্ষণ করার জন্য অনুরোধ করা হলো)।
৭. নথি।

(মোঃ আব্দুল্লা আল মাবুদ)

সহকারি পরিচালক (প্রকাশনা)

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

ঢাকা-১২০৭।